Hasnat Bangla

পরীক্ষার নাম: ঘ-ইউনিট ২০১৪-১৫
সময়: ৩০ মিনিট ০ সেকেন্ড | মোট প্রশ্ন: 25 টি | মোট নম্বর: 25 × 1 = 25
প্রতি সঠিক উত্তরের নম্বর: 1 | প্রতি ভুল উত্তরের জন্য কাটা নম্বর: 0.25

1) "যেমন কর্ম তেমন ফল।" বাক্যের নিম্নরেখ শব্দ দুটি কোন ধরনের সর্বনাম? (বাংলা)
A). সাপেক্ষ সর্বনাম
B). সংযোগবাচক সর্বনাম
C). অনির্দিষ্ট সর্বনাম
D). পারস্পরিক সর্বনাম

2) "বগুড়ার চিনিপাতা দই সুস্বাদু।" বাক্যটির "চিনিপাতা" কোন কারক? (বাংলা)
A). করণ
B). অধিকরণ
C). অপাদান
D). কর্ম

3) Self-preservation is the first law of Nature.' ইংরেজি ভাষার এ-প্রবচনটির প্রায় অনুরূপ বাংলা প্রবচন" (বাংলা)
A). আপন বুদ্ধিতে তর, পরের বুদ্ধিতে মর
B). চাচা আপন প্রাণ বাঁচা
C). আপন ভালো পাগলেও বোঝে
D). আপন পাঁঠা লেজে কাটি

4) কোন শব্দগুচ্ছ সমার্থক? (বাংলা)
A). ছায়া, আভাস, প্রতিকায়, আদল
B). ফারাক, সমপদ, তফাত, ব্যত্যয়
C). সরলতা, ঋজুতা, বক্রতা, সোজা
D). যামিনী, শর্বরী, শশাঙ্ক, নিশাকর

5) "গল্প > গপ্প" কোন ধরনের ধ্বনির পরিবর্তন? (বাংলা)
A). স্বরসংগতি
B). বিষমীভবন
C). অসমীকরণ
D). সমীভবন

6) Drop-scene' মানে" (বাংলা)
A). পরিত্যাজ্য চিত্র
B). দৃশ্যপতন
C). যবনিকা-পতন
D). দৃশ্যান্তর

7) "হৃদয়" শব্দে "হ" এর সঙ্গে যুক্ত হয়েছে" (বাংলা)
A). ঋ-কার
B). উ-কার
C). ঊ-কার
D). ও-কার

Hasnat Bangla

© 2026 Hasnat Bangla. সর্বস্বত্ব সংরক্ষিত।

8) "একবিংশ" হচ্ছে" (বাংলা)
A). গণনাবাচক শব্দ
B). পূরণবাচক শব্দ
C). তারিখবাচক শব্দ
D). সংখ্যাবাচক শব্দ

9) "উপ" উপসর্গযোগে গঠিত কোন শব্দ "ক্ষুদ্রার্থে" প্রযুক্ত? (বাংলা)
A). উপকূল
B). উপকণ্ঠ
C). উপবন
D). উপসাগর

10) "যারা ফলে ফরমালিন দিচ্ছে তারা কি আদৌ মানুষ?" বাক্যটি- (বাংলা)
A). সরল
B). যৌগিক
C). জটিল
D). ব্যাসবাক্য

11) "সোনার তরী" কবিতায় কী নিরূপায়? (বাংলা)
A). কৃষক
B). ঢেউগুলি
C). কবি নিজে
D). তরুছায়া

12) "কত ঊর্ণাজাল বুনে" চরণের "ঊর্ণাজাল" শব্দের অর্থ" (বাংলা)
A). উন পরিমাণ জাল
B). মাকড়সার সুতায় তৈরি জাল
C). উলের তৈরি ওড়না বিশেষ
D). পুঞ্জীভূত

13) বিদেশি উপসর্গ যুক্ত শব্দ নয় কোনটি? (বাংলা)
A). বকলম
B). নিমতিতা
C). হররোজ
D). গরহাজির

14) বাক্যের পদগুলোকে যথাস্থানে স্থাপন করাকে বলে- (বাংলা)
A). পদক্রম
B). আকাঙ্ক্ষা
C). আসত্তি
D). যোগ্যতা

Hasnat Bangla

© 2026 Hasnat Bangla. সর্বস্বত্ব সংরক্ষিত।

15) আঠারো বছর বয়সে কী নেই? (বাংলা)
A). ভয়
B). নিরাশা
C). সংশয়
D). অবসাদ

16) কোনটি পদাশ্রিত নির্দেশক নয়? (বাংলা)
A). টুক
B). গুচ্ছ
C). গাছি
D). খানা

17) অবজ্ঞা শব্দের উচ্চারণ কোনটি? (বাংলা)
A). অবোগ্গাঁ
B). ওবোগ্গাঁ
C). ওবগগা
D). অবোগ্‌গা

18) সবুজ কোন ভাষা থেকে আগত শব্দ? (বাংলা)
A). দেশি
B). সংস্কৃত
C). পর্তুগিজ
D). ফারসি

19) . জবানবন্দি অনুসারে কমলাকান্তের বয়স কত? (বাংলা)
A). একান্ত বৎসর দুই মাস
B). একান্ত বৎসর দুই মাস তের দিন
C). একান্ত বৎসর দুই মাস তের দিন চার ঘণ্টা
D). একান্ত বৎসর দুই মাস তের দিন চার ঘণ্টা পাঁচ মিনিট

20) একটি তুলসী গাছের কাহিনী গল্পে কল্পনাপ্রবণ ও সংবেদনশীল চরিত্র কোনটি? (বাংলা)
A). মোদাব্বের
B). মতিন
C). ইউনুস
D). মকসুদ

21) রঙের খেলা খেলিতে খেলিতে তাহার উদয়, রঙ ছড়াইতে ছড়াইতে তাহার অন্ত।- কোন রচনার অন্তর্গত? (বাংলা)
A). সাহিত্যে খেলা
B). যৌবনের গান
C). অর্ধাঙ্গী
D). কমলাকান্তের জবানবন্দি

Hasnat Bangla

© 2026 Hasnat Bangla. সর্বস্বত্ব সংরক্ষিত।

22) কত ঊর্নাজাল বুনে- চরণের ঊর্নাজাল শব্দের অর্থ - (বাংলা)
A). উন পরিমাণ জাল
B). মাকড়শার সুতায় তৈরি জাল
C). উলের তৈরি ওড়না বিশেষ
D). পুঞ্জীভূত

23) অর্ধাঙ্গী রচনায় উল্লিখিত ভগিনীদের রোগের নাম - (বাংলা)
A). রান্না করা
B). স্বামীসেবা
C). গৃহসজ্জা
D). দাসত্ব

24) লেপের নিচে দেহটা ঠক্‌ঠক্‌ করে কাঁপে।- বাক্যটি কোন রচনার অন্তর্গত? (বাংলা)
A). হৈমন্তী
B). বিলাসী
C). সাহিত্যে খেলা
D). একুশের গল্প

25) কবর কবিতায় বৃদ্ধ কাকে ঘুম-ভোলা মোর যাদু বলেছেন? (বাংলা)
A). স্ত্রী
B). নাতনি
C). পুত্রবধু
D). ছোট-মেয়ে

Hasnat Bangla

© 2026 Hasnat Bangla. সর্বস্বত্ব সংরক্ষিত।